

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
আমার বাড়ি আমার খামার প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০

স্মারক নং- এবাএখা/প্রশাসন/পরিপত্র/১৭(অংশ)/২০১৬- ৬৯৬৫


তারিখ : ১০.০২.২০২০খ্রি.

বিষয় : উপজেলা কার্যালয় হতে আমার বাড়ি আমার খামার প্রকল্পের ঋণ বিতরণ প্রসঙ্গে।

আমার বাড়ি আমার খামার (৩য় সংশোধিত) প্রকল্পের ঋণ অনলাইন সফটওয়্যার হতে প্রিন্টকৃত Disburse Sheet অনুযায়ী ঋণ গ্রহীতা অফিসে এসে সংশ্লিষ্ট মাঠ সহকারী, উপজেলা সমন্বয়কারীর উপস্থিতিতে কম্পিউটার অপারেটর কাম হিসাব সহকারীর নিকট থেকে স্বাক্ষর করে গ্রহণ করার বিধান রয়েছে। ইদানিং লক্ষ করা যাচ্ছে, প্রকল্পের ঋণ বিতরণের জন্য ফিল্ড সুপারভাইজার, মাঠ সহকারী, কোন কোন ক্ষেত্রে সমিতির ম্যানেজার মাঠে বিতরণের জন্য অফিস থেকে টাকা ও Disburse Sheet নিয়ে যাচ্ছে। পরবর্তীতে Disburse Sheet অফিসে জমা দেয়া হচ্ছে। যা সমীচীন নয়। এতে ঋণ গ্রহীতার ঋণ প্রাপ্তিতে সন্দেহ সৃষ্টি হচ্ছে। যা কোনভাবেই কাম্য নয়।

এমতাবস্থায় প্রকল্পের ঋণ প্রদানের পূর্বোক্ত বিধান অনুসরণ করে অফিসে কম্পিউটার অপারেটর কাম হিসাব সহকারীর সম্মুখে Disburse Sheet এ স্বাক্ষর নিয়ে ঋণ বিতরণ নিশ্চিত করার জন্য পুনরায় নির্দেশ প্রদান করা হল। ঋণ প্রদানে কোনরকম বিধান লঙ্ঘিত হলে সংশ্লিষ্ট উপজেলার কম্পিউটার অপারেটর কাম হিসাব সহকারী ও উপজেলা সমন্বয়কারী দায়ী থাকবেন।

বিষয়টি অতীব জরুরি।


১০.২.২০২০

(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৯৩৫৯০৮৩, ফ্যাক্স: ৯৩৪৮২০৬

উপজেলা নির্বাহী অফিসার

------(সকল)

সদয় অবগতি কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল :

১. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. জেলা প্রশাসক, -----;
৩. উপপরিচালক, বিআরডিবি-----;
৪. জেলা সমন্বয়কারী-----জেলা;
৫. উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার প্রকল্প, -----উপজেলা।